

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
প্রশাসন- ৪ ( বাজেট) অধিশাখা  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

পত্র নং- ১২.০০.০০০০.০২২.৩৬.০৮১.১৯.১৩৯

তারিখঃ ০৬/০১/১৪২৭ বঙ্গাব্দ  
১৯/০৪/২০২০ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : কৃষি ভর্তুকি ব্যবস্থাপনা খাত হতে কৃষি যন্ত্রপাতিতে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদান সংক্রান্ত।

সূত্রঃ অর্থ বিভাগের পত্র নং- ০৭.০০.০০০০.১২০.০১৫.০২৬.২০১৯- ৭০৫ তারিখঃ ১৯/০৪/২০২০ খ্রিস্টাব্দ।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছি কৃষি মন্ত্রণালয়ের চলতি ২০১৯- ২০ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেটে ১৪৩০১০১- ১২০০০০৬১৫- ৩৫১১১০১- কৃষি ভর্তুকি খাতে ৮০০০. ০০ ( আট হাজার কোটি) টাকা হতে কৃষি উৎপাদন ব্যয় হ্রাসকরণ এবং ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধির স্বার্থে চলতি ২০১৯- ২০ অর্থবছরে কৃষক কর্তৃক যন্ত্র ক্রয় মূল্যের উপর উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদানের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতিতে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) বাবদ ১০০.০০ কোটি (একশত কোটি) টাকা সুত্রোক্ত পত্রে অর্থ বিভাগ কর্তৃক সম্মতি প্রদান করা হয়।

অর্থ বিভাগের নির্দেশনার আলোকে ২০১৯- ২০ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে সংশোধিত পরিচালন বাজেটে ১৪৩০১০১- ১২০০০০৬১৫ কৃষি ভর্তুকি ব্যবস্থাপনা নামক বিশেষ কার্যক্রমে\*\*৩৫১১১০১- কৃষি ভর্তুকি খাতে বরাদ্দকৃত ৮০০০.০০ কোটি (আট হাজার কোটি) টাকা হতে কৃষি যন্ত্রপাতিতে উন্নয়ন সহায়তার জন্য ১০০.০০ কোটি (একশত কোটি) টাকা মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুকূলে ছাড় মঞ্জুরি জারি করছি। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত অর্থ ব্যয়ে নিম্নলিখিত শর্তাবলী এবং যাবতীয় আর্থিক বিধি বিধান অনুসরণ করবেন।

শর্তাবলী :

- (১) এ বরাদ্দ সংশ্লিষ্ট নীতিমালা/পদ্ধতি ও আর্থিক বিধি- বিধান আলোকে ব্যয় করতে হবে;
- (২) কৃষক কর্তৃক যন্ত্র ক্রয়ে যন্ত্রমূল্যের উপর ৫০% হারে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদান করতে হবে। তবে হাওড় অঞ্চলের কৃষকদের কেবলমাত্র চলতি অর্থ বছরের জন্য যন্ত্রমূল্যের ৭০% হারে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদান করা যাবে;
- (৩) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA '2006' এবং PPR '2008' অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি- বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (৪) অবমুক্তকৃত অর্থ হতে বিগত বছরসমূহের কোন দাবীর অর্থ সমন্বয় করা যাবে না;
- (৫) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষক কর্তৃক যন্ত্র ক্রয়ে যন্ত্রমূল্যের উপর উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদান সংক্রান্ত যাবতীয় কাগজপত্র পরীক্ষা- নিরীক্ষা সাপেক্ষে নিশ্চিত হয়ে অর্থ ব্যয় করতে হবে;
- (৬) এ কার্যক্রম বাস্তবায়নে চলমান উন্নয়ন প্রকল্প/স্কিম/অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহার করতে হবে;
- (৭) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (৮) যন্ত্র ক্রয়ে যন্ত্রমূল্যের উপর উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদানকৃত অর্থ যথাযথ নিয়মে পরিশোধিত হয়েছে কিনা তা নিশ্চিত করার লক্ষ্যে চূড়ান্ত নিরীক্ষিত হিসাব (PostAudit) অর্থ বিভাগে পেশ করতে হবে;
- (৯) অব্যয়িত যে কোন পরিমাণ অর্থ ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে।

২। অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫- ৩৫১ সংখ্যক সরকারি আদেশের ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

মো: আমিরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৯৫৪৫০৮১

ই-মেইল : [moabudget@yahoo.com](mailto:moabudget@yahoo.com)

পত্র নং- ১২.০০.০০০০.০২২.৩৬.০৮১.১৯.১৩৯

তারিখ: ০৬/০১/১৪২৭ বঙ্গাব্দ  
১৯/০৮/২০২০ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব, বাজেট- ২০ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- সরকারি আদেশটি কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মো: আমিরুল ইসলাম  
উপসচিব